৪২

দৈনিক
ইত্তেফাক

তারিখ ... JUN 14 2006 ...
পৃষ্ঠা 2 কলাম ...

# ২৫ জুনের মধ্যে স্কেল প্রদানে ইবতেদায়ী শিক্ষক সমিতির দাবি

যুগান্তর রিপোর্ট

আগামী ২৫ জুনের মধ্যে জাতীয় স্কেলে বেতন প্রদানে সরকারকে আলটিমেটাম দিয়েছে বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতি। এ সময়ের মধ্যে দাবি বাস্তবায়ন না করলে ২৬ জুন শিক্ষকরা মুক্তাঙ্গনে মহাসমাবেশ ও পরে আরও কঠোর আন্দোলন কর্মসূচি ঘোষণা করবে।

মঙ্গলবার সমিতির অস্থায়ী কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে শিক্ষকরা এ আলটিমেটাম দেন। লিখিত বক্তব্যে সমিতির সভাপতি সাবেক এমপি মাওলানা মো. সাখাওয়াত হোসেন বলেন, সারাদেশে প্রায় ১৬ হাজার ইবতেদায়ী মাদ্রাসা রয়েছে। এসব মাদ্রাসায় শিক্ষাদান করছেন প্রায় ৮০ হাজার শিক্ষক। এত শিক্ষকের মধ্যে মাত্র ৩ হাজার ১৫০ জন শিক্ষককে মাসিক ৫শ' টাকা সম্মানী ভাতা প্রদান করা হচ্ছে। বাকি শিক্ষকরা ১৯৭৮ সাল থেকে কোন সম্মানী ছাড়াই শিক্ষাদান করে আসছেন। বিএনপি সরকার নির্বাচনী ইশতেহারে ও একশ' দিনের কর্মসূচিতে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের বেতন বৈষম্য দূর করার অঙ্গীকার ব্যক্ত করেন। সব শিক্ষককে জাতীয় স্কেলে বেতন প্রদান করতে সরকারের বছরে ৯২ কোটি টাকার প্রয়োজন। বিষয়টি নিয়ে শিক্ষামন্ত্রীর সঙ্গে বহুবার বৈঠক হয়েছে। সর্বশেষ গত ১১ জুন শিক্ষা মন্ত্রীকে ২৪ ঘণ্টার মধ্যে সরকারের সিদ্ধান্ত জানানোর আলটিমেটাম দেয়া হয়েছিল। কিন্তু মন্ত্রী কোন সিদ্ধান্ত জানাননি। বাধ্য হয়েই মাদ্রাসা শিক্ষকরা আন্দোলনে নামছেন। তিনি মাদ্রাসা শিক্ষকদের কমপক্ষে রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষকদের বেতন স্কেল প্রদানের দাবি জানান।

সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে মহাসচিব মাওলানা আবদুর রউফ, মাওলানা রবিউল ইসলাম, বোরহানউদ্দিন, সামছুল আলম, কাজী রুহুল আমিন প্রমুখ উপস্থিত ছিলেন।